মুজিবনগরে অজানা রোগে মারা গেছে খামারির ৭টি গরু

মুজিবনগরে অজানা রোগে হঠাৎ মারা গেছে আনন্দবাস বিশ্বাস পাড়ার পটল বিশ্বাসের স্ত্রী খামারি কহিনুর খাতুনের ৭টি গাভী গরু। গত বৃহস্পতিবার সন্ধায় এবং শুক্রবার সকালে পর্যায় ক্রমে গরুগুলি মারা যায়।

গরু মারা যাওয়ার বিষয়ে খামারি কহিনুর খাতুন জানান, ঘটনার দিন তিনি তার অসুস্থ মেয়েকে নিয়ে ডাক্তারের কাছে গিয়ে ছিলেন সন্ধায় খামার পরিস্কার করতে গিয়ে দেখেন একটি গরু মরে পড়ে আছে আরো দু- তিনটা গরুর নাক মুখ দিয়ে রক্ত বার হচ্ছে। সঙ্গে সঙ্গে তিনি স্থানীয় শিক্ষানবিস ভেটেরিনারি চিকিৎসক তপু রায়হানকে খবর দেন তিনি গিয়ে গরুর রোগের উপসর্গ দেখে মেহেরপুর সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব কে জানালে তিনি ব্যবস্থা পত্র দিয়ে চিকিৎসা দিতে বলেন পরবর্তিতে তিনি নিজে এসে চিকিৎসা প্রদান করেন। চিকিৎসার পরেও পর্যায়ক্রমে গরুগুলি মারা যায়।

তিনি আরো জানান, তিনি অনেক কষ্ট করে লোন তুলে গাভী গরুর খামারটি তিলে তিলে গড়ে তুলেছিলেন কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস ১৩ টি গরুর মধ্যে হঠাৎ ৭ টি গরু মারা গেছে। তিনি প্রায় নি:স্ব হয়ে গেছেন। ৭ গরুর মধ্য ৬ টি গরুর পেটে বাচ্ছা ছিল।

এ বিষয়ে সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব জানান, কল পেয়ে তিনি ঘটনাস্থলে গিয়ে ছিলেন, উপসর্গদেখে মনে হয়েছিল গরুগুলি বিষক্রিয়ায় আক্রান্ত হয়ে ছিল। মাঠে থেকে যে ঘাস নিয়ে এসে গরুগুলি কে খাওয়ানো হয়েছিল সম্ভবত সেই ঘাসে বিষ জাতীয় কিছু ছিল তার কারনে গরুগুলি মারা গেছে।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ জানান বিষয়টি আমি শুনেছি বিভিন্ন তথ্য যাচায় করে আমরা জানতে পেরেছি গরুগুলি নাইট্রেট পয়জনের কারণে মারা গিয়েছে।

আমরা প্রাণিসম্পদ অফিস থেকে চেষ্টা করব তার দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার এবং সরকারি অনুদান পাওয়ার ক্ষেত্রে আমরা সর্বোচ্চ চেষ্টা করব।